

الظَّاهِر

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৭৫ তম নাম ‘الظَّاهِر’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘الظَّاهِر’ শব্দের মূল ر - ه - ظ, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ৫৯ বার এসেছে। উপস্থিত হওয়া, প্রতীয়মান হওয়া, প্রদর্শিত, আসা, স্পষ্ট, সমর্থন, সহায়তা, অবলম্বন, আশ্রয়, প্রকাশ্য ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الظَّاهِر অর্থ: ‘তিনি প্রকাশ্য’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

هُوَ الْأَوَّلُ وَالْآخِرُ وَالظَّاهِرُ وَالْبَاطِنُ وَهُوَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ﴿٣﴾

তিনিই প্রথম, তিনিই শেষ, তিনি প্রকাশ্য, তিনি গোপন এবং প্রতিটি বিষয়ে তিনি জ্ঞানী। (সূরা আল হাদিদ: আয়াত নং ৩)

তিরমিজি শরীফের হাদীস:

যে আল্লাহর সাথে সাক্ষাতকে ভালবাসবে, আল্লাহ তার সাথে সাক্ষাতকে ভালোবাসবেন। যে আল্লাহর সাথে সাক্ষাতে বিমুখ হবে, আল্লাহ ও তার সাথে সাক্ষাতে বিমুখ হবে।

আবু দাউদ ও নাসায়ী শরীফের হাদীস:

বিচারের দিন প্রথম হিসাব নেয়া হবে সালাতের।

আবু দাউদ শরীফের হাদীস:

রাতে শোয়ার সময়, রাসূল সা: ডান হাত ডান গালের নিচে রেখে তিনবার এই দোয়া করতেন-

اللهم قني عذابك يوم تبعث عبادك -

হে আল্লাহ, যে দিন তুমি বান্দাদেরকে একত্রিত করবে সে দিনের তোমার আযাব থেকে আমাকে রক্ষা করো।

সুতরাং, প্রিয় ভাই ও বোনেরা! আসুন, আমরা সতর্ক হয়ে যাই আল্লাহর কঠিন ও ভয়াবহ আযাব সম্পর্কে।
বিচারের দিন নিজের নেক আমল ছাড়া স্ত্রী, পুত্র, ভাই, বন্ধু, টাকা পয়সা, দুনিয়ার প্রভাব-প্রতিপত্তি কোন কাজে
আসবে না।

আল্লাহ আমাদেরকে শিরকমুক্ত সৎ ও মানুষের কল্যাণকামী আমল করার তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবাকাতুহ।